

## হৃদয় খুড়োর হৃদিস আলাস্কাতে

- সব্যসাচী সরকার

ছোটবেলায় দাদুর মুখে তাঁর দাদুর এক খুড়োর কাহিনী শুনেছিলাম। সেই দাদুর দাদুর খুড়ো, আমাদের সবাইকার হৃদয়খুড়ো। আসল নাম যার হৃদয় রঞ্জন সরকার অপভ্রংশে হৃদে সরকার ও পরে Haida সরকার হয়ে ইতিহাস হয়ে গেছে।

খুবই ডাকাবুকো ছিলেন এই খুড়ো। তাই তাঁর নানা কাহিনীর মধ্যে বাড়ী ছেড়ে পালানোর কাহিনী আমাদের বাড়ীর সবাই জানে। ১৮০০ তে ইংরেজের বিরুদ্ধে দল করতে গিয়ে ধরা পড়ার ভয়ে দেশ ছেড়ে পালিয়ে গেলেন দেশের পশ্চিমে খাইবার পাস- এ তার উপস্থিতির খবর কাবুলিওয়াল মারফৎ তিনি আমাদের পূর্বপুরুষের বাড়ী বীরভূমের মন্দির গ্রামে পৌঁছে দিয়েছিলেন আর তারপর তাঁর খবর কেউ পাইনি।

স্মৃতিতে থাকা হৃদয়খুড়োকে আবার আবিষ্কার করলাম গত সপ্তাহে আমেরিকাতে। তার সেই হৃদিশ পাওয়ার গল্পই সংক্ষেপে বলছি। এবারে ১৮ই জানুয়ারী USA তে গিয়েছিলাম। Immigration counter -এ আমায় বসিয়ে রাখলো। সবাই চলে গেলে আমার অস্বস্তি হতে লাগলো। আমার নাকটা বড্ড বড়, নামটাও বড় তাই অন্য কিছু ভাবছে না তো American Homeland Security? যাই হোক দুজন officer আমায় একটা ঘরে নিয়ে গেলেন, I - 94 ইত্যাদি খুব সহজেই এবং খাতির করে করেদিলেন। এবারে একটা প্যাকেট আমার হাতে দিয়ে বললেন যে Alaska state -এর লোকদের তরফ থেকে Haida Sarkar -এর উত্তরাধিকার হিসেবে তার কিছু মূল্যবান কাগজপত্র আপনাকে দেওয়া হল। আমার মুখটা বিস্ময়ে হা হয়ে যাওয়াতে তাঁরা বললেন যে সমস্ত family root check করে তাঁরা নিশ্চিত যে Haida alias Hride alias Hriday Ranjan Sarkar আমার পূর্বপুরুষ। আমার মুখ উজ্জ্বল হয়ে উঠলো - স্বগোতোক্তি করে উঠলাম - “দাদুর হৃদয় খুড়ো” - officer দুজন আমাকে দেখছিলেন। আমার হাসি দেখে প্যাকেটটা আমার দিকে এগিয়ে দিলেন।

ঘরে পৌঁছে সাধারণ কাজগুলি সেরে যখন আরাম করার সময় পেলাম, তখন প্যাকেটটা খুলে ফেললাম। তাতে Alaska State Governor -এর এক পত্রে Haida -র সাহায্যের জন্য জনগনের শুভেচ্ছা জানানো হয়েছে এবং প্রায় ২০০ বৎসরের উপর তাঁর মূল্যবান ডায়েরিটি তার উত্তরাধিকারীকে পৌঁছে দিতে পেরে তারা আনন্দিত ও আমাকে Alaska ভ্রমণের নিমন্ত্রণ। ডায়েরিটির বিষয়টি এরকম :

হৃদে খুড়োকে দুই আফগান পয়সার বিনিময়ে ফরাসী দেশের এক সংস্থাকে বেচে দিয়েছিল। তাঁদের প্রশ্ন শুধু British দের নিয়ে। Bengal -এ কোথায় কোথায় British আছে, ইংরেজদের লোকবল ইত্যাদি। পরে কিছু Russian কে ও সেই সংস্থায় দেখা গেল। হৃদয়খুড়োর British- দের প্রতি ঘৃণা বুঝতে পেরে সেই সংস্থা তাদের কর্মসূচীর বিবরণ খুড়োর সঙ্গে আলোচনা করতে লাগলো - মোট কথা French - Russia মিলে British দের ভারত থেকে উৎখা করার একচেষ্টা হয়েছিল। সেই project -এর নাম

